**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোট গ্রহণ আগামীকাল। মোট ৫৫টি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ করা হবে।**
**(২) আসন্ন এডিসি নির্বাচনের জন্য পোষ্টাল ব্যালটে ভোট গ্রহণ আজ শেষ হয়েছে।**
**(৩) নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক আগামীকাল থেকে দেশজুড়ে পোষণ পক্ষ–২০২৬–এর অষ্টম সংস্করণ শুরু করবে।**
**(৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি–২০ ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে।**

**************************************

**Bye–Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোট গ্রহণ আগামীকাল। মোট ৫৫টি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ করা হবে। সকাল ৭টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে। অবাধ ও সুষ্ঠুভাবে ভোট গ্রহণ সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দপ্তরের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হবে। রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন, কড়া নিরাপত্তার মধ্য দিয়ে ভোট কর্মীরা ইতিমধ্যে ভোট সামগ্রী নিয়ে নিজ নিজ ভোট কেন্দ্রে পৌঁছে গেছেন। প্রত্যেকটি ভোটকেন্দ্রে কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে। এই উপ–নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন মোট ছয় জন প্রার্থী। তারা হলেন বিজেপি'র জহর চক্রবর্তী, জাতীয় কংগ্রেসের চয়ন ভট্টাচার্য, সি.পি.আই(এম)–এর অমিতাভ দত্ত, আমরা বাঙালী দলের বিভাস রঞ্জন দাস, এস.ইউ.সি.আই সঞ্জয় চৌধুরী এবং নির্দল প্রার্থী ব্রজলাল দেবনাথ।

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের মোট ভোটার রয়েছেন ৪৬ হাজার ১৪২ জন। এক্ষেত্রে উল্লেখযোগ্য বিষয় হল এই আসনে পুরুষ ভোটারের তুলনায় মহিলা ভোটারের সংখ্যা বেশি। ধর্মনগর বিধানসভা কেন্দ্রে মহিলা ভোটার ২৩ হাজার ৭৫৮ জন এবং পুরুষ ভোটার ২২ হাজার ৩৮৪ জন। সার্ভিস ভোটার রয়েছেন ৯১ জন।

এই উপ-নির্বাচনে মোট ৫৫টি ভোট কেন্দ্রের মধ্যে আদর্শ ভোট কেন্দ্র রয়েছে ১১টি। মহিলা পরিচালিত ভোট কেন্দ্র ১১টি, দিব্যাঙ্গজন পরিচালিত ভোট কেন্দ্র ২টি। তাছাড়া যুব পরিচালিত ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে ২টি।

***************************

**ADC-Postal Vote :**

আসন্ন এডিসি নির্বাচনের জন্য পোষ্টাল ব্যালটে ভোট গ্রহণ আজ শেষ হয়েছে। পোষ্টাল ব্যালেটে ভোটদাতা ছিলেন ১০ হাজারেরও বেশি। রয়েছেন। গতকাল থেকে পোষ্টাল ব্যালেটে ভোটদান শুরু হয়েছিল। রাজ্যের ১৬টি মহকুমায় ফেসিলিটেশন সেন্টারে পোষ্টাল ব্যালটে ভোটদান করা হয়। রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন আজ এখবর জানিয়েছেন। তিনি জানান, আগামী ১২ই এপ্রিল এডিসির ২৮টি আসনে ভোট গ্রহণ ও আগামী ১৭ই এপ্রিল ভোট গননা করা হবে।

****************************

**ADC-Campaign :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এডিসি নির্বাচনের প্রচারে আজ বোধজংনগর-ওয়াকিনগর, সিমনা-তমাকারি, জিরানীয়া এবং মান্দাইনগর-পুলিনপুর আসনে রোড শো-এ অংশ গ্রহণ করেন।

তিপ্রা মথা দলের প্রতিষ্ঠাতা প্রদ্যুৎ কিশোর দেববর্মা আজ খোয়াই জেলায় আশারামবাড়ী-হালহালি কেন্দ্রের প্রার্থী প্রসমিত দেববর্মার সমর্থনে চাম্পাহাওরের ভারত সর্দার স্কুল মাঠে, রামচন্দ্রঘাট কেন্দ্রের প্রার্থী জেমস

দেববর্মার সমর্থনে রতনপুর মাঠে জনসভায় বক্তব্য রাখেন। উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দেববর্মা।

উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী কিশোর বর্মন ও বিধায়ক জিতেন্দ্র মজুমদার আজ কাঠালিয়া-মির্জা-রাজাপুর কেন্দ্রের বিজেপি প্রার্থী পদ্মলোচন ত্রিপুরার সমর্থনে এক জনসভায় বক্তব্য রাখেন।

*****************************

**Assembly Election :**

কেরালাম, আসাম ও পুদুচেরিতে বিধানসভা নির্বাচনে মোট ২৯৬টি আসনে ভোট গ্রহণ আগামীকাল। এরমধ্যে কেরালাম ১৪০টি, আসামে ১২৬টি এবং পুদুচেরিতে ৩০টি আসনে ভোটগ্রহণ করা হবে। তামিলনাড়ুতে ২৩শে এপ্রিল এবং পশ্চিমবঙ্গে ২৩ ও ২৯শে এপ্রিল দুই দফায় ভোটগ্রহণ করা হবে। ফলাফল ঘোষণা করা হবে আগামী চৌঠা মে।

*************************

**ECI :**

আসাম, কেরালাম ও পুদুচেরি বিধানসভা সাধারণ নির্বাচনকে সামনে রেখে, নির্বাচন কমিশন আজ নয়াদিল্লিতে আন্তর্জাতিক নির্বাচন পর্যবেক্ষক কর্মসূচি ২০২৬ শুরু করেছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, নির্বাচন কমিশনার ড. এস. এস. সান্ধু এবং ড. বিবেক জোশি আজ ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট কর্মসূচির উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেন, ভারতে নির্বাচনকে গণতন্ত্রের উৎসব হিসেবে বিবেচনা করে তা নিশ্চিত করতে নির্বাচন কমিশন মিশন মোডে কাজ করছে। প্রথম পর্যায়ে এই কর্মসূচির প্রতিনিধিরা ৮ ও ৯ই এপ্রিল আসাম, কেরলাম ও পুদুচেরি সফর করবেন। দ্বিতীয় পর্যায়ে, প্রতিনিধিরা ২০শে এপ্রিল থেকে পশ্চিমবঙ্গ ও তামিলনাড়ু রাজ্য সফর করবেন। প্রথম পর্যায়ে দিল্লিতে

অবস্থিত পাঁচটি বিদেশি মিশনের প্রতিনিধিসহ ২৩টি দেশের মোট ৪৩ জন প্রতিনিধি অংশগ্রহণ করবেন।

*************************

**Ceasefire :**

মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আজ ঘোষিত যুদ্ধবিরতিকে স্বাগত জানিয়েছে ভারত। বিদেশ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, এই পদক্ষেপ পশ্চিম এশিয়ায় দীর্ঘস্থায়ী শান্তি ও স্থিতিশীলতা ফিরিয়ে আনতে সহায়ক হবে। ভারত বিশেষভাবে আশা প্রকাশ করেছে যে, এই চুক্তির ফলে আন্তর্জাতিক বাণিজ্যের গুরুত্বপূর্ণ পথ হরমুজ প্রণালীতে পণ্যবাহী জাহাজ চলাচল বাধাগ্রস্ত হবে না এবং বিশ্বব্যাপী বাণিজ্যিক প্রবাহ স্বাভাবিক থাকবে। বিদেশ মন্ত্রকের বিবৃতিতে বলা হয়, ভারত শুরু থেকেই উত্তেজনা প্রশমন ও কূটনৈতিক আলোচনার স্ব-পক্ষে রয়েছে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Poshan Pakhwada :**

নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক আগামীকাল থেকে দেশজুড়ে পোষণ পক্ষ–২০২৬–এর অষ্টম সংস্করণ শুরু করবে। পুষ্টির গুরুত্ব তুলে ধরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, একটি সুপুষ্ট শিশুই একটি শক্তিশালী জাতির ভিত্তি। তিনি বলেন, পোষণ অভিযান শুধু একটি সরকারি কর্মসূচি নয়, বরং প্রতিটি মা ও শিশুর জন্য সামগ্রিক পুষ্টি নিশ্চিত করার একটি গণ–আন্দোলন। পোষণ পক্ষের মূল বিষয় হলো জীবনের প্রথম ছয় বছরে মস্তিষ্কের বিকাশকে সর্বোচ্চ করা। শৈশবকাল, বিশেষ করে প্রথম এক হাজার দিন, মস্তিষ্কের বিকাশ, শারীরিক বৃদ্ধি এবং সার্বিক সুস্থতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বৈজ্ঞানিক প্রমাণ অনুযায়ী, ছয় বছর বয়সের মধ্যেই মস্তিষ্কের ৮৫ শতাংশের বেশি বিকাশ ঘটে, যা সর্বোত্তম পুষ্টি, সংবেদনশীল যত্ন এবং শৈশবে শেখার গুরুত্বকে তুলে ধরে। পক্ষকাল জুড়ে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির মাধ্যমে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে বিভিন্ন কার্যক্রমের আয়োজন করা হবে, যেখানে মা, পরিচর্যাকারী, পরিবার, সামাজিক প্রতিষ্ঠান এবং স্থানীয় সংস্থাগুলি অংশগ্রহণ করবে। এগুলির মধ্যে থাকবে পোষণ পঞ্চায়েত, সচেতনতামূলক অধিবেশন, প্রারম্ভিক উদ্দীপনামূলক কার্যক্রম, খেলাভিত্তিক শিক্ষণ উদ্যোগ এবং ছোট শিশুদের মধ্যে স্বাস্থ্যকর জীবনধারা নিয়ে প্রচার অভিযান।

****************************

**PMMY :**

প্রধানমন্ত্রী মুদ্রা যোজনার আজ ১১ বছর পূর্তি হলো। কেন্দ্রীয় সরকারের এই ফ্ল্যাগশিপ প্রোগ্রামের, লক্ষ্য হলো অর্থয়নহীন ক্ষুদ্র উদ্যোগ এবং ছোট ব্যবসাগুলোকে তহবিল সরবরাহ করা। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, এই প্রকল্পের সাফল্য প্রমাণ করেছে যে, যখন ব্যক্তিদের সঠিক সুযোগ দেওয়া হয়, তখন তাঁরা আত্মনির্ভরশীল হতে পারেন এবং দেশের অগ্রগতিতেও উল্লেখযোগ্য অবদান রাখতে পারেন।

****************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ গত ছয় এপ্রিল থেকে শুরু হয়েছে। ফল প্রকাশ কিছুটা বিলম্বিত হতে পারে বলে জানিয়েছেন পর্ষদ সভাপতি ড: ধনঞ্জয় গণচৌধুরী। তিনি জানান, এডিসি নির্বাচনের কারণে এই বিলম্ব হতে পারে। এ বছর প্রায় ২২০০ জন শিক্ষক-শিক্ষিকা উত্তরপত্র মূল্যায়নের দায়িত্বে রয়েছেন। পর্ষদ সভাপতি আরো জানিয়েছেন, দ্রুততার সঙ্গে মূল্যায়ন কাজ সম্পন্ন করে আগামী মে মাসের প্রথম সপ্তাহে ফল প্রকাশের চেষ্টা চলছে।

**************************

**T-20 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। প্রথম দিনে তিনটি মাঠে ৬টি খেলা হয়। এতে এম বি বি স্টেডিয়ামে দুটি খেলায় হার্ভে ক্লাব ৩ উইকেটে চলমান সংঘকে এবং শতদল সংঘ ২০৭ রানে ইউনাইটেড ফ্রেন্ডসকে পরাজিত করে। নরসিংগড়ের পিটিএ মাঠে দুটি খেলায় ওল্ড প্লে সেন্টার ৭ উইকেটে বনমালিপুর ক্রিকেট ক্লাবকে এবং স্ফুলিঙ্গ ক্লাব ৮২ রানে ইউনাইটেড বি এস টি-কে হারিয়ে দেয়। এছাড়া নরসিংগড়ের টিআইটি দুটি খেলায় ব্লাডমাউথ ক্লাব ৪ উইকেটে সংহতি ক্লাবকে এবং কসমোপলিটন ক্লাব ৬ উইকেটে মৌচাক ক্লাবকে পরাজিত করে। আসরে ১৪টি ক্লাব অংশ নিয়েছে।

******************************

**Kajal Smriti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের গ্রুপ পর্বের খেলা আজ শেষ হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় কাতলামারা হাই স্কুল ৪-১ গোলে মতিনগর ক্রীড়া একাডেমিকে হারিয়ে দেয়। আগামীকাল দুটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ হবে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম জেলা, দক্ষিণ জেলা, ঊনকোটি ও ধলাই জেলায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

****************************